



“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৭৫.০১১.০৪.২০-১৫৯

তারিখঃ ০২ আগ্রহায়ণ ১৪২৭  
১৭ নভেম্বর ২০২০

বিষয়ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর নিয়োগ বিধিমালা-২০১৪ এর আলোকে প্রভাষক এর ৭টি এবং প্রশাসনিক কর্মকর্তার ০১ (এক) টি পদে সরকারি কর্ম কমিশনের মাধ্যমে সরাসরি নিয়োগের নিমিত্ত DME এর অনুরোধপত্র।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২৭.০০১.১৯-২০১/১ তারিখ-২৮.১০.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর নিয়োগ বিধিমালা-২০১৪ এর আলোকে প্রভাষক এর ৭টি এবং প্রশাসনিক কর্মকর্তার ০১ (এক) টি পদে সরকারি কর্ম কমিশনের মাধ্যমে সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে অধ্যক্ষ, বিএমটিটিআই কর্তৃক DG, DME বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

০২। উল্লেখ্য, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর প্রশাসনিক কর্মকর্তার বেতনস্কেল/১৫ অনুযায়ী ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) হওয়ায় পিএসসি'র সুপারিশের প্রয়োজন নেই।

০৩। এক্ষণে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর প্রভাষক (৯ম গ্রেড) এর ৭টি নন-ক্যাডার পদে সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে নিয়োগের নিমিত্ত পিএসসি-কে অনুরোধ করার জন্য পিএসসি'র নির্ধারিত রিকুইজিশন ফরম যথাযথভাবে পূরণ করে পুনরায় TMED তে প্রেরণ নিশ্চিত করা;

(খ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর প্রশাসনিক কর্মকর্তার বেতনস্কেল জাতীয় বেতনস্কেল/১৫ অনুযায়ী ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) হওয়ায় এবং তা পিএসসি'র আওতাবহির্ভূত হওয়ায় সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিএমটিটিআই-কে নির্দেশনা প্রদান।

০৪। এমতাবস্থায়, উপরিউক্ত মতে (অনুচ্ছেদ ০৩) ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ৩০.১১.২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(সৈয়দ আসগর আলী)  
সহকারী সচিব (মাদ্রাসা-১)  
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
গাইড হাউস (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অফিস কপি/মাস্টার কপি।